



ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০ (অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২

E-mail : artsfaculty1921@gmail.com

১৬ জানুয়ারি ২০২০

তারিখঃ ০৩ মাঘ ১৪২৬

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজ
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৯-২০২০

বিজ্ঞপ্তি

এইচ.এস.সি./সম্মান পর্যায়ে মানবিক শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে বিষয় ও কলেজ মনোনয়ন পেয়েছে তাদের বিষয় পরিবর্তন প্রক্রিয়া ১৬-০১-২০২০ তারিখ থেকে শুরু হয়ে ২০-০১-২০২০ তারিখ পর্যন্ত চলবে। বিষয় পরিবর্তন প্রক্রিয়া সম্পন্ন করার নিয়মাবলি নিম্নরূপ :

১. আগামী ২৩-০১-২০২০ তারিখ থেকে সংশ্লিষ্ট কলেজসমূহে বিষয় পরিবর্তন কার্যক্রম শুরু হবে।
২. বিষয় পরিবর্তন প্রক্রিয়ায় অংশ নিয়ে যেসকল শিক্ষার্থী পরিবর্তিত বিষয় পেয়েছে তাদেরকে নতুন প্রাপ্ত বিষয়েই অধ্যয়ন করতে হবে।
৩. শিক্ষার্থী বর্তমানে যে বিষয়ে অধ্যয়ন করছে সেই বিভাগ থেকে সরবরাহকৃত জনতা ব্যাংকে টাকার জমা দেওয়ার স্লিপ সংগ্রহ করবে।
৪. জনতা ব্যাংকে টাকা জমা স্লিপের এপিঠ-ওপিঠ দুই পিঠের নির্ধারিত স্থানসমূহ পূরণ করে জনতা ব্যাংকের অনলাইন সুবিধা সম্পন্ন নির্ধারিত শাখায় ৫০০/- (পাঁচশত টাকা) বিষয় পরিবর্তন ফি জমা দিতে হবে।
৫. ব্যাংকের টাকা জমা দেওয়ার পর ব্যাংক কর্তৃপক্ষের সিলমোহর সংবলিত জমা রশিদের অংশবিশেষের উভয় পিঠ ফটোকপি করে ফটোকপিটি নিজের কাছে সংরক্ষণ করবে এবং মূল অংশটি শিক্ষার্থী বর্তমানে যে বিভাগে অধ্যয়ন করছে সেই বিভাগের কার্যালয়ে জমা দিবে।
৬. শিক্ষার্থীর কাছে থাকা ফটোকপি অংশটি বর্তমান বরাদ্দকৃত বিভাগের অফিস কর্তৃক সত্যায়িত করিয়ে নিতে হবে।
৭. সত্যায়িত কপিটি প্রদর্শন সাপেক্ষে শিক্ষার্থী নতুন প্রাপ্ত বিভাগে অধ্যয়ন করতে পারবে।
৮. বিষয় পরিবর্তনের পুরো প্রক্রিয়াটি আগামী ২৬-০১-২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
৯. ২৯-০১-২০২০ তারিখের পর ন্যূনতম সময়ের মধ্যে প্রত্যেক কলেজের সংশ্লিষ্ট বিভাগসমূহ বিষয় পরিবর্তন প্রক্রিয়া সম্পন্নকৃত শিক্ষার্থীদের তালিকা অধ্যক্ষের কার্যালয়ে প্রেরণ করতে হবে।
১০. একইসঙ্গে কলেজ কর্তৃপক্ষ বিষয় পরিবর্তন প্রক্রিয়ার পূর্ণ বিবরণ ডিন কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় সমীপে প্রেরণ করবে।
১১. বিষয় পরিবর্তন সংশ্লিষ্ট সকল তথ্যের জন্য নিজ নিজ কলেজে যোগাযোগ করতে হবে। এই সম্পর্কিত কোনো তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ ডিন অফিসে পাওয়া যাবে না।
১২. বিষয় পরিবর্তন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট